

Explanatory Notes:

রিজেন্ট টেক্সটাইল মিলস্ লিঃ আইপিওর মাধ্যমে পূঁজিবাজার হতে ৫ কোটি সাধারণ শেয়ার ছেড়ে ১২৫ কোটি টাকা উত্তোলন করে। যার প্রধান লক্ষ্য ছিল বর্তমান সময়ে বিশ্বব্যাপী টেক্সটাইল পণ্যের ফ্যাশন শৈলী, স্টাইল ও চাহিদার বিপরীতে ভোক্তাদের জন্য গুণগত মানসম্মত পন্য প্রস্তুতকরণ ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য অত্যাধুনিক ও স্টেট - অব - দা - আর্ট মেশিনারিজ সংযোজন করে বর্তমান টেক্সটাইল মিলের বিএমআরই সম্পন্ন করা ও ফরোয়ার্ড লিংকেজ শিল্প হিসাবে নতুন একটি আরএমজি ইউনিট স্থাপন করা। সর্বমোট প্রজেক্ট কষ্ট প্রকল্পন করা হয়েছিল যথাক্রমে বিএমআরই টাঃ ৮৮৭.১৮ মিঃ এবং আর.এম.জি টাঃ ৯০২.২৯ মিঃ। এর মধ্যে আই.পি.ও থেকে বরাদ্দ ছিল টাঃ ৮২৪.৬৮ মিঃ এবং নতুন আর. এম. জি প্রকল্প স্থাপনের জন্য টাঃ ৩৯৮.৫০ মিঃ এবং বাদবাকী অর্থ আইপিও খরচ মেটানোর জন্য।

বি.এম.আর.ই:

আপনারা জানেন যে, পরিচালনা পর্ষদের আন্তরিকতা ও ইচ্ছা থাকা সত্ত্বেও নানা প্রতিকূল পরিস্থিতি ও অবস্থার পরিপ্রেক্ষিতে সময় বাড়িয়েও আমরা প্রকল্প বাস্তবায়ন করতে সক্ষম হই নাই। এছাড়াও বি.এম.আর.ই. প্রকল্পের জন্য গ্যাস সংযোগ এর অনুমোদন পেয়েছি অনেক দেরিতে যার কারণে পরীক্ষামূলক উৎপাদনে যেতে দেরি হচ্ছে। অপরদিকে নতুন আরএমজি প্রকল্পটি টেক্সটাইলের একটি ফরোয়ার্ড লিংকেজ ছিল।

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্তমান উৎপাদন কার্যক্রম চলমান রেখেই বিভিন্ন দেশ হতে মেশিনারিজ আমদানী ও ইরেকশনের কাজ সম্পন্ন করে। এবং ইতিমধ্যে বি.এম.আর.ই. প্রকল্পের কাজ প্রায় শেষ হয়েছে। আপনারা জানেন যে, বর্তমানে উইভিং লুমে উৎপাদিত গ্রে এর দামের চেয়ে আমদানী করা গ্রে'র দাম অপেক্ষকৃত কম কারণ সুতার প্রধান কাঁচামাল তুলা বাংলাদেশে উৎপাদিত হয় না। এই অবস্থার পরিপ্রেক্ষিতে নিজস্ব উইভিং লুমে গ্রে উৎপাদন প্রক্রিয়ায় না যাওয়া প্রতিষ্ঠানের জন্য লাভজনক। ফলে সার্বিক পরিস্থিতি ও প্রতিষ্ঠানের স্বার্থ বিবেচনায় ব্যবস্থাপনা পর্ষদ উইভিং লুম মেশিনারিজ আমদানী করতে আগ্রহী হন নাই এবং সময় নেন। অপর দিকে পর্ষদ বি.এম.আর.ই. কে শাব্দিক অর্থে সীমাবদ্ধ না রেখে অত্যাধুনিক মেশিনারিজ আমদানী ও স্থাপন করার মাধ্যমে বিশ্বব্যাপী ভোক্তাদের ফ্যাশন, স্টাইল, চাহিদা ইত্যাদির সহিত সুসমন্বয় করে একটি কম্পোজিত টেক্সটাইল মিল প্রতিষ্ঠা করার চেষ্টা অব্যাহত রেখেছেন।

সকল পরিস্থিতি বিবেচনায় নিয়ে পরিচালনা পর্ষদ উচ্চ ক্ষমতা সম্পন্ন অত্যাধুনিক, টেকসই ও বহুমাত্রিক ভ্যালু এ্যাডেড এবং মাল্টি ডাইমেনশনাল ফ্যাশন সমৃদ্ধ মেশিনারিজ সমূহ ইটালি, নেদারল্যান্ডস, জার্মানী, ফ্রান্স, অস্ট্রিয়া ও চায়না হতে আমদানী করে যা বিগত বছরের ২৭শে ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় আপনারা জেনেছেন। বি.এম.আর.ই. প্রকল্পের জন্য আমদানী ও ইরেকশন করা মেশিনারিজ সমূহের জন্য এ পর্যন্ত মোট খরচ হয়েছে টাঃ ৭৫০.৪৪ মিঃ। এছাড়াও বি.এম.আর.ই. ও নতুন আর.এম.জি. প্রকল্প সহ আই.পি.ও. ইস্যু খাতে এ যাবদ মোট খরচ হয়েছে টাঃ ৭৯৪.৮৯ মিঃ। এছাড়া সিভিল সহ অন্যান্য আনুষংগিক কাজে ব্যয়িত অর্থ কোম্পানির নিজস্ব ফান্ড ফ্লো ও আর্থিক প্রতিষ্ঠান হতে সাহায্য নিয়ে খরচ করা হয়েছে। তাছাড়াও কিছু উল্লেখযোগ্য কাজ এখনো বাকী আছে যার মধ্যে বায়োলজিক্যাল ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন অন্যতম। এ ব্যাপারে কোম্পানির পরিচালনা পর্ষদ সর্বদা কোম্পানির সম্মানিত শেয়ার হোল্ডারগণের সাহায্য, সহযোগিতা, পরামর্শ ও সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানায় এবং আশা করে তা আগামী দিনগুলোতেও অব্যাহত থাকবে এবং পর্ষদ দৃঢ়ভাবে প্রত্যাশা করছে যে আগামী ডিসেম্বর ২০১৯ সময়ের মধ্যে বিএমআরই এর পরীক্ষামূলক ও বাণিজ্যিক উৎপাদন শুরু করতে পারবে। তাই, পরিচালনা পর্ষদ উক্ত সময় বৃদ্ধির প্রস্তাবে সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় সম্মতি ও অনুমোদনের জন্য পেশ করেছেন।

আর.এম.জি. ফ্যাক্টরি ত্রয়/একয়ার:

বিগত ২৭ শে ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় সাধারণ শেয়ারহোল্ডারগণ জুন ২০১৯ পর্যন্ত আরএমজি ফ্যাক্টরি ত্রয়/একয়ার করার জন্য সময় বৃদ্ধি অনুমোদন করেন। পরিচালনা পর্ষদের বিভিন্ন মুখী প্রয়াস অব্যাহত থাকলেও শেয়ারহোল্ডারদের জন্য সত্যিকার সুফল বয়ে আনবে উক্ত সময়ের মধ্যে এমন কমপ্লিয়েন্ট আরএমজি ফ্যাক্টরি খুঁজে পান নাই। ফলে নতুন একটি আরএমজি ফ্যাক্টরি ত্রয়/একয়ার করার জন্য পরিচালনা পর্ষদ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাবে কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় সম্মতি ও অনুমোদনের জন্য পেশ করেছেন।

Revised Status of IPO Proceeds as on 30th June 2019 is described hereunder:

Amount Subscribed	Particulars	Project Costs	Finance from IPO	Utilized from IPO Proceeds	Utilized (%)	Completion time Revised in 23 rd AGM	Revised Completion time
Balancing, Modernization, Rehabilitation and Expansion (BMRE)	Machineries (Weaving, Dyeing and Printing)	824,679,520	824,679,520	750,444,055	91 %	June 2019	December 2019
	Auxiliary Machineries	-					
	Civil Works and others	62,500,000					
Sub Total		887,179,520					
New RMG Project	Land, Land Development, Building and Civil Work	330,949,638	398,503,962	19,236,382	5 %	June 2019	December 2019
	Machineries (Sewing, Finishing, Cutting,)	506,160,386					
	Boiler, Generator and Compressor	17,677,875					
	Vehicles & Others	47,500,000					
Sub Total		902,287,899					
Total Project Cost		1,789,467,419					
IPO Expenses			26,816,518	25,217,966	94 %	Rest Tk. 1,598,552 will be utilized for procurement of capital machineries import	
Total				794,898,403			
Total IPO Proceeds			1,250,000,000			Within December 2019	